

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০২০.০০৪.০২.০০.০০৩.২০১০-২৪৩৪


তারিখঃ ৩৭/১১/১৭

বিষয়ঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সাবেক সহকারী প্রকৌশলী, এলজিইডি কর্তৃক দায়েরকৃত এটি মামলা নং ১০/২০১০ হতে উদ্ধৃত এটি নং-১৪৬/২০১১ মামলার রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে দায়েরকৃত লীড টু আপীল নং ২৭৩০/২০১৫ এর রায় ও আদেশের বিরুদ্ধে রিভিউ পিটিশন দায়ের সংক্রান্ত।

সূত্র : উন্নয়ন-১ শাখার ইউ,ও, নোট নং- ৪৬.০৬৭.০০৩.০০.০.০৫১.২০০৮-৩৫৫ তাং- ২৩-০৪-২০১৭খ্রিঃ।

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সাবেক সহকারী প্রকৌশলী, এলজিইডিকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশাল এর আদালতে এটি মামলা নং-১০/২০১০ দায়ের করেন। উক্ত মামলায় গত ২৯-০৩-২০১১খ্রিঃ তারিখে সরকারের পক্ষে রায় প্রদান করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে জনাব মোস্তাফিজ বাদী হয়ে বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা এর আদালতে এটি মামলা নং-১৪৬/২০১১ দায়ের করেন। আপীল মামলায় গত ০২-০৩-২০১৪খ্রিঃ সরকারের বিপক্ষে রায় প্রদান করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লীড টু আপীল নং ২৭৩০/২০১৫ দায়ের করা হয়। উক্ত আপীল মামলায় মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ গত ২৩.০১.২০১৭ তারিখের আদেশে the petition is dismissed উল্লেখ করে রায় প্রদান করেন।

০২। এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে দায়েরকৃত লীড-টু-আপীল মামলা নং ২৭৩০/২০১৫ এর রায়ের বিরুদ্ধে সরকারের পক্ষে রিভিউ পিটিশন দায়ের করার জন্য সরকারী আইনজীবীর পাশাপাশি বেসরকারী বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব

৯৫৪০২৯৫

Email:arif.6550@yahoo.com

জনাব শেখ শফিক মাহমুদ পুষ্প
বেসরকারী প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা (লীড টু আপীল নং ২৭৩০/২০১৫ এর রায়ের বিরুদ্ধে রিভিউ পিটিশন দায়েরের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজাদি সরবরাহসহ বিজ্ঞ প্যানেল আইনজীবীকে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ০৪। উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি. মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৮। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। অফিস কপি/মাস্টার কপি।